
# বার্ষিক প্রতিবেদন
# ২০২০-২১



SME FOUNDATION

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন

# বার্ষিক প্রতিবেদন

## ২০২০-২০২১

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন

**উপদেষ্টা**
ড. মো. মফিজুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন

**সহযোগী সম্পাদক**
সালাহ উদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন
মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
ফারজানা খান, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
মো. সিরাজুল হায়দার এনডিসি, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
ফাহিম বিন আসমাত, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন

অঙ্গসজ্জা
মো. মনজুরুল হক, উপব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
অসীম কুমার হালদার, উপব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন
মো. আরিফুল ইসলাম, প্রোগ্রাম সহকারী, এসএমই ফাউন্ডেশন

প্রকাশনা
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন
পর্যটন ভবন (৭ম ও ৮ম তলা), ই-৫, সি/১, পশ্চিম আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ৪১০২৪১০৮-১০, ফ্যাক্স: ৪১০২৪১১১
ওয়েবসাইট: www.smef.gov.bd

**মুদ্রণ**
দি মিডিয়াটেক্স

মার্চ ২০২২

# সূচিপত্র


০৪ চেয়ারপার্সনের বাণী
০৫ ব্যবস্থাপনা পরিচালকের কথা
০৬ এসএমই ফাউন্ডেশনের পরিচিতি
০৭ ভিশন ও মিশন
০৮ এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম
১০ সাধারণ পর্ষদ
১৪ পরিচালক পর্ষদ
১৫ ১৬তম বার্ষিক সাধারণ সভার নোটিশ
১৬ ১৬তম বার্ষিক সাধারণ সভার কার্যপত্র
১৮ ১৫তম বার্ষিক সাধারণ সভার অনুমোদিত কার্যবিবরণী
২৪ পরিচালক পর্ষদের প্রতিবেদন
৫২ বার্ষিক কর্মপরিকল্পনা (২০২১-২২)
৫৯ নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন



চেয়ারপার্সন
এসএমই ফাউন্ডেশন

## চেয়ারপার্সনের বাণী

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) এর ১৬তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সবাইকে স্বাগত জানাচ্ছি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর এ মাহেন্দ্রক্ষণে আমি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি আমার শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। একই সাথে মহান মুক্তিযুদ্ধের সকল শহীদের প্রতি আমার শ্রদ্ধা জ্ঞাপন করছি।

করোনাভাইরাসের কারণে সরকার ঘোষিত কয়েক দফায় সাধারণ ছুটির কারণে অর্থনৈতিক ও দাপ্তরিক কার্যক্রম সীমিত করতে হয়েছে। তারপরও সরকারের ডিজিটাল প্রযুক্তির অবকাঠামো ব্যবহার করে অনলাইনে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুসারে নতুন উদ্যোক্তা তৈরি, উদ্যোক্তা উন্নয়ন, উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি, প্রযুক্তি উন্নয়ন, নতুন প্রযুক্তি গ্রহণ, আইসিটি সহায়তা, ঋণ সহায়তা, নীতি সহায়তাসহ উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের দেশীয় ও আন্তর্জাতিক বাজারে প্রচার-প্রসারে বিভিন্ন কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করেছে এসএমই ফাউন্ডেশন। একই সাথে নারী-উদ্যোক্তা ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে অর্থনীতির মূলধারায় সম্পৃক্ত করতে এসএমই ফাউন্ডেশন পরিচালিত কার্যক্রমসমূহ দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। কোভিড-১৯ প্রেক্ষাপটে সিএমএসএমই খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দকৃত ৩০০ কোটি টাকার মধ্যে ২০২০-২১ অর্থবছরে ছাড় হওয়া ১০০ কোটি টাকা দেড় মাসেরও কম সময়ে বিতরণ করে ফাউন্ডেশন তার সক্ষমতা প্রমাণ করেছে। এছাড়া উক্ত অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের তিন শতাধিক কর্মসূচিতে সরাসরি অংশগ্রহণ করেছেন সাড়ে আট হাজারের বেশি ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা।

এসএমই ফাউন্ডেশনের এই অগ্রযাত্রায় মাননীয় প্রধানমন্ত্রীর সচিবালয়, শিল্প মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়সহ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভিন্ন চেম্বার, অ্যাসোসিয়েশনসহ ব্যবসায়ী সংগঠন এবং গণমাধ্যমের সহযোগিতা আমাদের কার্যক্রমকে বেগবান করেছে।

বর্তমান সরকারের রূপকল্প ২০২১ এবং ২০৪১ বাস্তবায়নে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য কর্মসংস্থান সৃষ্টি করে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে এসএমই ফাউন্ডেশন। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশের অর্থনীতির সামগ্রিক উন্নয়নের এই ধারা অব্যাহত থাকলে এসএমই খাতের সুষ্ঠু বিকাশের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি উন্নত জাতিতে পরিণত হবে বলে আমার বিশ্বাস।

এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দের সমন্বয়ে গঠিত ১৩টি ওয়ার্কিং কমিটি ২০২০-২১ অর্থবছরে একাধিক বৈঠকে মিলিত হয়ে উইংভিত্তিক কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন এবং পরবর্তী বছরের কর্মপরিকল্পনা প্রণয়নে সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করেছেন। সেই ধারাবাহিকতায় এবারো আমি পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যদের নিকট হতে গুরুত্বপূর্ণ মতামত ও সুপারিশ আশা করছি, যা ফাউন্ডেশনের কার্যক্রমকে সমৃদ্ধ এবং দেশের অর্থনীতিকে আরো গতিশীল করবে।

বার্ষিক সাধারণ সভা আয়োজনে আন্তরিক সহযোগিতা করায় আমি এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ, সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ ও এসএমই ফাউন্ডেশনের সকল কর্মকর্তা ও কর্মচারীকে ধন্যবাদ জানাচ্ছি।

আমি এসএমই ফাউন্ডেশনের ১৬তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান



ব্যবস্থাপনা পরিচালক
এসএমই ফাউন্ডেশন

# ব্যবস্থাপনা পরিচালকের কথা

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) পরিচালনায় একটি নিয়মিত ও অত্যন্ত গুরুত্বপূর্ণ কার্যক্রম হচ্ছে বার্ষিক সাধারণ সভা আয়োজন। বার্ষিক সাধারণ সভায় ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যগণ একত্রিত হয়ে পূর্ববর্তী অর্থবছরের নিরীক্ষিত হিসাব অনুমোদন ও বাস্তবায়িত কার্যক্রমসমূহ পর্যালোচনা করেন। পাশাপাশি পরবর্তী বছরের জন্য গৃহীত বার্ষিক কর্মপরিকল্পনা সম্পর্কে সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ বিভিন্ন মতামত, পরামর্শ ও দিক নির্দেশনা প্রদানের মাধ্যমে বার্ষিক সাধারণ সভায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন।

পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যদের পরামর্শ ও দিক নির্দেশনা অনুসরণ করে গত বছরের কর্মসূচিগুলো দক্ষতা ও নিষ্ঠার সাথে বাস্তবায়ন করা হয়েছে। যদিও কোভিড-১৯ এর কারণে সরকার ঘোষিত কয়েক দফায় সাধারণ ছুটি এবং পরবর্তীতে সীমিতভাবে কার্যক্রম পরিচালনার পরও ২০২০-২১ অর্থবছরে ফাউন্ডেশন বার্ষিক কর্মপরিকল্পনার ৭৫% কাজ বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে। ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হল:

- কোভিড-১৯ এর ক্ষতি কাটিয়ে উঠতে সরকারের প্রণোদনা প্যাকেজের ১০০ কোটি টাকা বিতরণ;
- ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ, উদ্যোক্তা-ব্যাংকার ম্যাচমেকিং ও মতবিনিময় সভা, ওয়েবিনার, সমঝোতা স্মারক স্বাক্ষর, সেমিনারসহ ৩১৭টি কর্মসূচি বাস্তবায়ন;
- ২০২১-২২ অর্থবছরের বাজেটের জন্য জাতীয় রাজস্ব বোর্ড ও সরকারের অন্যান্য সংস্থা'র কাছে এসএমই ফাউন্ডেশনের ৬৩টি প্রস্তাব উত্থাপন;
- ৩৮ জেলার উদ্যোক্তাদের পণ্য নিয়ে অনলাইনে আঞ্চলিক এসএমই পণ্য মেলা ২০২১ আয়োজন;
- কোভিড-১৯ এর কারণে এসএমই উদ্যোক্তাদের ক্ষতি কাটিয়ে উঠতে দেশী পণ্যের ব্যবহার বাড়ানোর উদ্বুদ্ধকরণ কর্মসূচি;
- 'China International Fair for Trade in Service (CIFTIS)' এ উদ্যোক্তাদের অংশগ্রহণে সহায়তা;
- 'Shoe & Leather Goods Fair 2020' ভার্চুয়াল মেলায় উদ্যোক্তাদের অংশগ্রহণে সহায়তা;
- অমর একুশে গ্রন্থমেলা ২০২১-এ অংশগ্রহণ; এবং
- অনলাইনে হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২০ আয়োজন

করোনাভাইরাসের ক্ষতি কাটিয়ে উঠতে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দকৃত ৩০০ কোটি টাকার মধ্যে ২০২০-২১ অর্থবছরে ছাড়কৃত ১০০ কোটি টাকা ৪% সুদে মাত্র দেড় মাসের মধ্যে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মাঝে বিতরণ, উদ্যোক্তাদের বিনামূল্যে প্রশিক্ষণ আয়োজন, পণ্য বাজারজাতকরণে অনলাইন প্রশিক্ষণ ও অনলাইন মার্কেটপ্লেসের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর, নারী-উদ্যোক্তা উন্নয়নের জন্য বিভিন্ন বাস্তবমুখী কর্মসূচি বাস্তবায়ন এবং অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে উদ্যোক্তাদের পরামর্শ সেবা প্রদান করা হয়। বিশেষ করে করোনা পরিস্থিতি বিবেচনায় নিয়ে উদ্যোক্তাদের প্রশিক্ষণ এবং পণ্য বাজারজাতকরণে অনলাইন প্ল্যাটফর্মের অধিক ব্যবহারকে গুরুত্ব দিয়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করছে এসএমই ফাউন্ডেশন। সেই সাথে সরকারের রূপকল্প ২০৪১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ এবং এসএমই নীতিমালা ২০১৯ বাস্তবায়নের চ্যালেঞ্জকে বিবেচনায় নিয়ে আগামী অর্থবছরের কর্মপরিকল্পনা তৈরি করা হচ্ছে।

এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, বাজেট অনুমোদন ও গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করার জন্য আমি ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। একই সাথে ১৬তম বার্ষিক সাধারণ সভা সফলভাবে আয়োজনে সহযোগিতা করার জন্য সকল সহকর্মীকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

সবশেষে, এসএমই পরিবারের সকল সদস্যের দীর্ঘায়ু, সুস্থতা ও সাফল্য কামনা করছি।

ড. মো. মফিজুর রহমান

# এসএমই ফাউন্ডেশনের পরিচিতি

**নাম**
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)

**মন্ত্রণালয়**
শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইনগত ভিত্তি**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের কর্তৃক (কোম্পানি আইন ১৯৯৪ এর ২৮ ধারায়) প্রতিষ্ঠিত
আরজেএসসি নিবন্ধন নম্বর: সি-৬৭২(১২)/০৬: ২৬ নভেম্বর ২০০৬

**গেজেট ও প্রতিষ্ঠাকাল**
৭ আগস্ট ২০০৭ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের মাধ্যমে এসএমই ফাউন্ডেশনের প্রতিষ্ঠা

**ঠিকানা**
পর্যটন ভবন (৭ম ও ৮ম তলা), ই-৫, সি/১, পশ্চিম আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ৪১০২৪১০৮-১০, ফ্যাক্স: ৪১০২৪১১১
ইমেইল: info@smef.gov.bd
ওয়েবসাইট: www.smef.gov.bd

**ব্যাংক**
সোনালী ব্যাংক লিমিটেড, কারওয়ান বাজার শাখা, ঢাকা
জনতা ব্যাংক লিমিটেড, আগারগাঁও ইউজিসি শাখা, ঢাকা
ব্যাংক এশিয়া লিমিটেড, স্কশিয়া শাখা, ঢাকা

**নিরীক্ষক**
এস. কে. বড়ুয়া এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস্
বাড়ী ৪৩২ (৩য় তলা), রোড ৩০
নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা ১২০৬

# ভিশন

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের মাধ্যমে অধিক কর্মসংস্থান, জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং সর্বোপরি দারিদ্র্য বিমোচন

# মিশন

মুক্তবাজার অর্থনীতি এবং বিশ্বায়নের বর্তমান চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে জাতীয় অর্থনীতিতে বিদ্যমান ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের উন্নয়ন ও বিকাশে বহুমুখী কর্মসূচি পরিচালনার মাধ্যমে নিয়মিতভাবে সহায়তা প্রদান

# এসএমই ফাউন্ডেশনের কাযর্ক্রম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গৃহীত এসএমই নীতিকৌশল বাস্তবায়নে সহায়তা, শিল্পোন্নত ও উন্নয়নশীল বিশ্বে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই শিল্পায়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ভূমিকা ঐতিহাসিকভাবেই সমাদৃত। বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটেও স্বল্প পুঁজি নির্ভর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সুষ্ঠু শিল্পায়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কোনো বিকল্প নেই। এসএমই ফাউন্ডেশন শিল্পায়নে নারী এবং সকল শ্রেণির এসএমই উদ্যোক্তাদের উৎসাহিত, উদ্বুদ্ধ এবং জাতীয় পর্যায়ে সুসংগঠিতকরণসহ এসএমই উন্নয়নে কাজ করছে। তৃণমূল, স্থানীয় ও জাতীয় পর্যায়ে কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক বৈষম্য দূরীকরণ এবং দারিদ্র্য বিমোচনের মাধ্যমে দেশের সাধারণ জনগোষ্ঠীকে অর্থনৈতিক উন্নয়নের মূল স্রোতধারায় এগিয়ে নেয়া এই ফাউন্ডেশনের অন্যতম লক্ষ্য।

### ফাউন্ডেশন প্রতিষ্ঠার আইনগত ভিত্তি

শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে কোম্পানি আইন ১৯৯৪-এর ২৮ ধারার বিধান অনুসারে একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্স নং: ৩০/০৬, তারিখ: ১২-১১-২০০৬ এবং যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক ২৬-১১-২০০৬ তারিখে প্রদত্ত নিবন্ধিকরণ নম্বর: সি-৬৭২(১২)/০৬ এর মাধ্যমে সরকার 'এসএমই ফাউন্ডেশন' (Small and Medium Enterprise Foundation) প্রতিষ্ঠা করে। এসএমই ফাউন্ডেশন প্রতিষ্ঠার বিষয়টি সকল মহলে অবহিত করার জন্য ০৭ আগস্ট ২০০৭ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।

### ভিশন (Vision)

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের মাধ্যমে অধিক কর্মসংস্থান, জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং সর্বোপরি দারিদ্র্য বিমোচন।

### মিশন (Mission)

মুক্তবাজার অর্থনীতি এবং বিশ্বায়নের বর্তমান চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে জাতীয় অর্থনীতিতে বিদ্যমান ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের উন্নয়ন ও বিকাশে বহুমুখী কর্মসূচি পরিচালনার মাধ্যমে নিয়মিতভাবে সহায়তা প্রদান।

### উদ্দেশ্য (Objectives)

১. দেশব্যাপী উৎপাদনমুখী (সেবা খাতসহ) শিল্প খাতের অগ্রগতি ও উন্নয়নকে ত্বরান্বিতকরণে সর্বাত্মক সহায়তা ও উৎসাহ প্রদান করা।

২. ব্যক্তি খাতের প্রতিষ্ঠানসমূহ যেমন: ব্যবসায়িক চেম্বার, অ্যাসোসিয়েশন, বাণিজ্য সংগঠন, গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন সংস্থা, বিশ্ববিদ্যালয় এবং পরামর্শক কোম্পানি ও পেশাজীবী সংগঠন-এর কার্যাবলি সম্পাদনে পরিকল্পনা, কর্মসূচি এবং অর্থায়নের মাধ্যমে সহায়তা প্রদান করা।

৩. ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের মাঝে প্রতিযোগিতা সৃষ্টির লক্ষ্যে এসএমই পদক প্রদান করা।

৪. সরাসরি ঋণ বিতরণ না করে দেশব্যাপী ক্ষুদ্র ও মাঝারি শিল্প সহায়ক ঋণের ব্যবস্থা করা, এ ক্ষেত্রে ফাউন্ডেশন বিভিন্ন ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তহবিলের যোগান দিবে যেন উক্ত তহবিল নির্দিষ্ট ক্ষুদ্র ও মাঝারি খাতের উদ্যোক্তাদের মধ্যে স্বল্প সুদে বিতরণ করা হয়।

৫. ব্যক্তি খাতের উন্নয়নে সরকারি বিভিন্ন সহায়তার যৌক্তিকীকরণ; এবং প্রয়োজনীয় সক্ষমতা বৃদ্ধিকল্পে কর্মসূচি প্রণয়ন।

৬. দারিদ্র্য ও প্রবৃদ্ধিবান্ধব ব্যবসায়িক পরিবেশ তৈরি করা যাতে বিদ্যমান এবং সম্ভাব্য উদ্যোক্তাগণ নানামুখী সেবা যেমন: ঋণের সহজলভ্যতা, তথ্য সহায়তা, পরামর্শ সেবা, বাজারজাতকরণ, পণ্যের ডিজাইন ও গুণগত মানের উন্নয়ন বিষয়ক জ্ঞান, পারস্পরিক সংযোগ এবং প্রতিনিধিত্ব লাভ করতে পারে।

৭. নতুন উদ্যোগ স্থাপনে সহায়ক সহায়তা, পদ্ধতি ও সেবা প্রদান এবং একই সঙ্গে বিদ্যমান উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধি ও টেকসই উন্নয়ন নিশ্চিত করা।

৮. গবেষণা ও মতবিনিময়ের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে সরকারি নিয়ম-নীতিগত প্রতিকূলতা চিহ্নিতকরণ এবং যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ।

৯. ক্রমান্বয়ে একটি একক সেবা প্রদান কেন্দ্রে পরিণত হওয়া যেখানে উদ্যোক্তাগণ বিভিন্ন অনুমোদন ও লাইসেন্স সংক্রান্ত সেবা পেতে পারে।

১০. ক্ষুদ্র ও মাঝারি শিল্পে উদ্যোক্তাগণের প্রয়োজনীয় সকল সেবা সমন্বিত একটি ডাটাবেজ তৈরি।

১১. আর্থিক প্রতিষ্ঠান, বাণিজ্য সংগঠন, সুশীল সামাজিক প্রতিষ্ঠান এবং খাতভিত্তিক অ্যাসোসিয়েশনসমূহের কার্যাবলি বৃদ্ধি ও সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা ও উৎসাহ প্রদান।

১২. গবেষণা প্রতিষ্ঠান ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পরিচালিত গবেষণার ফলাফলকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ব্যবহারকে ত্বরান্বিত করা।

১৩. শিল্প ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে সহায়তামূলক পরিবেশ সৃষ্টি করা।

১৪. ব্যক্তি খাত, ইকোনমি অব স্কেল, স্বল্প বিনিয়োগে অধিক ফলাফল লাভ ইত্যাদি বিষয়ে গবেষণা পরিচালনা করা।

১৫. প্রশিক্ষণ, সেমিনার, মতবিনিময়, গোলটেবিল বৈঠক, এবং কারিগরি মতবিনিময় সভা ইত্যাদি আয়োজনের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি খাতকে সেবা প্রদানকারী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর দক্ষতা বৃদ্ধি করা।

১৬. নতুন প্রযুক্তি গ্রহণ, আত্তীকরণ, উন্নয়নকে উৎসাহিত করা।

১৭. নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে পণ্যের উৎপাদনশীলতা, গুণগত মান ও ডিজাইনের উৎকর্ষতা বৃদ্ধি করা:
- ব্যবসায়িক ও কারিগরি প্রশিক্ষণ কর্মসূচি;
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন;
- পণ্যের মান, পণ্যের ভিন্নতা ও উন্নয়নকে উৎসাহিত করা:
- উপযুক্ত প্রযুক্তি গ্রহণ ও উন্নয়নে উৎসাহিত করা;
- স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে এসএমই পণ্য বাজারজাতকরণ সম্পর্কিত তথ্য সেবা প্রদান করা;
- বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানকে এসএমই ঋণ প্রদানে জটিলতা হ্রাসের পরামর্শ এবং এসএমই খাতের চাহিদা মোতাবেক আর্থিক সেবা প্রদানকে উৎসাহিত করা;
- উদ্যোক্তা উন্নয়ন শিক্ষা সম্প্রসারণে তথ্য বিতরণ কর্মসূচি পরিচালনা করা;
- সরকার প্রদত্ত কর সুবিধা গ্রহণে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে সহায়তা প্রদান করা; এবং
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে সরকারি অবকাঠামো সেবা প্রদান করা।

১৮. ক্রমান্বয়ে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিপূর্বক উৎপাদনশীলতা বৃদ্ধি ও ব্যবসায়িক ব্যয় হ্রাসের ব্যবস্থা করা।

### ফাউন্ডেশনের ব্যবস্থাপনা কাঠামো

#### সাধারণ পর্ষদ

এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সার্বিক দিক নির্দেশনা প্রদানের জন্য একটি সাধারণ পর্ষদ রয়েছে। সাধারণ পর্ষদের নির্ধারিত সদস্য সংখ্যা ৬০ (ষাট)। ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনে বর্ণিত নির্দেশনা মোতাবেক বিভিন্ন ক্যাটাগরিতে যেমন- মন্ত্রণালয়, সরকারি সংস্থা/প্রতিষ্ঠান, বিভিন্ন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, সাধারণ ও কারিগরি বিশ্ববিদ্যালয়, পেশাজীবী ও গবেষণামূলক প্রতিষ্ঠান, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রেসিডেন্ট/প্রধান নির্বাহীগণ সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য হিসেবে থাকবেন।

#### পরিচালক পর্ষদ

ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৬ (ষোল) সদস্য বিশিষ্ট একটি পরিচালক পর্ষদ রয়েছে। ফাউন্ডেশনের কার্যক্রমে নীতিগত সিদ্ধান্ত ও দিক নির্দেশনা প্রদান পরিচালক পর্ষদের অন্যতম দায়িত্ব। ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনের বিধানমতে  সরকার কর্তৃক চেয়ারপার্সন নিয়োগ করা হয়। এছাড়া সরকার পরিচালক পর্ষদের ৫জন পরিচালকও মনোনয়ন দেন। উল্লেখ্য, পরিচালক পর্ষদে বেসরকারি খাত, গবেষণা ও পেশাজীবী প্রতিষ্ঠান/অ্যাসোসিয়েশনের প্রতিনিধিত্ব রয়েছে।

### ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা

ফাউন্ডেশনের সাংগঠনিক কাঠামোতে ১জন ব্যবস্থাপনা পরিচালক, ২জন উপব্যবস্থাপনা পরিচালক, ৪জন মহাব্যবস্থাপক, ৮জন উপমহাব্যবস্থাপক, ১৪জন সহকারী মহাব্যবস্থাপক, ২০জন ব্যবস্থাপক, ২৪জন উপব্যবস্থাপক,

৩০জন সহকারী ব্যবস্থাপক, ১৬জন প্রোগ্রাম সহকারী, ১০জন গাড়ী চালক এবং ১৫জন অফিস সহায়ক, ৬জন অফিস গার্ড/নাইট গার্ড, ৩জন ক্লিনার এর সমন্বয়ে ১৫৩জন জনবল আছে। বর্তমানে ৮৫টি পদ শুণ্য আছে।

### ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনায় বিভিন্ন অনুবিভাগ

- বিজনেস সাপোর্ট সার্ভিসেস
- ক্লাস্টার উন্নয়ন
- ফাইন্যান্স ও ক্রেডিট সার্ভিসেস
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন
- পলিসি অ্যাডভোকেসি
- পাবলিক রিলেশন
- গবেষণা
- প্রযুক্তি উন্নয়ন
- নারী-উদ্যোক্তা উন্নয়ন
- মানবসম্পদ উন্নয়ন
- প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা

### ফাউন্ডেশনের আর্থিক ব্যবস্থাপনা

ফাউন্ডেশনের সার্বিক কর্মকাণ্ড পরিচালনার লক্ষ্যে সরকার এন্ডাউমেন্ট ফান্ড হিসেবে ফাউন্ডেশনের অনুকূলে ২০০ কোটি টাকা বরাদ্দ করে। উক্ত ২০০ কোটি টাকা এফডিআর হিসেবে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে জমাপূর্বক তা থেকে অর্জিত মুনাফা ব্যবহার করে ফাউন্ডেশন এসএমই উন্নয়নে বিভিন্ন কার্যক্রম ও কর্মসূচি পরিচালনা করে। পরিচালক পর্ষদ কর্তৃক গঠিত একটি ফান্ড ম্যানেজমেন্ট কমিটি এই ফান্ড ম্যানেজমেন্ট কার্যক্রম পরিচালনা করে।

## এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম

### সরকার গৃহীত এসএমই নীতিকৌশল বাস্তবায়নে সহায়তা

সরকার কর্তৃক গৃহীত ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) উন্নয়ন নীতি কৌশল বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করা এসএমই ফাউন্ডেশনের অন্যতম প্রধান দায়িত্ব। নীতি কৌশলে উল্লেখিত মৌলিক বিষয়াদি যেমন: রাজস্ব ও আর্থিক বিষয়াদির পরামর্শ, এসএমই পণ্যের গুণগতমান নিশ্চিতকরণে সহায়তা, দক্ষতা উন্নয়ন কৌশলে সহায়তা, টেকনো-অন্ত্রাপ্রেনিউরশিপ উন্নয়ন বিষয়ক সহায়তা, এসএমই ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য সহায়তা, আন্তর্জাতিক পর্যায়ে প্রযুক্তি বিনিময় কর্মসূচিতে সহায়তা, ভার্চুয়াল এসএমই ফ্রন্ট অফিস প্রতিষ্ঠাকরণ ইত্যাদি বিষয়ে বাস্তবায়ন কার্যক্রম পরিচালনায় সরকারকে নিয়মিতভাবে সহায়তা প্রদান করে।

### গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি

গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি কার্যক্রমের প্রধান লক্ষ্য হচ্ছে সুষ্ঠুভাবে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে এসএমই বান্ধব পরিবেশ সৃষ্টিতে সহায়তা করা। দেশে বিদ্যমান রেগুলেটরি প্রতিবন্ধকতাসমূহ দূর করার লক্ষ্যে এসএমই সংশ্লিষ্ট নীতিমালা ও কর্মকৌশল প্রণয়নে এসএমই ফাউন্ডেশন হালনাগাদ তথ্য ও উপাত্তসহ সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রণয়ন করে। ফাউন্ডেশন এসএমই উন্নয়নে স্বল্পমেয়াদি, দীর্ঘমেয়াদি এবং প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদানের জন্য গবেষণা এবং কেইস স্টাডি পরিচালনা করে।

### ক্লাস্টার উন্নয়ন

২০১৩ সালে এক গবেষণার মধ্যে দেশের ১৭৭টি ক্লাস্টার চিহ্নিত করে এসএমই ফাউন্ডেশন। এরপর থেকে ক্লাস্টারভিত্তিক কার্যক্রম শুরু হয়। বর্তমানে দেশের ১৮টিরও বেশি ক্লাস্টারের উদ্যোক্তা ও কর্মীদের ব্যক্তিগত দক্ষতা, ব্যবস্থাপনা দক্ষতা ও কারিগরি দক্ষতা বাড়াতে কাজ করছে ক্লাস্টার উন্নয়ন বিভাগ।

### ফাইনান্স ও ক্রেডিট সার্ভিসেস

ফাউন্ডেশনের ফাইনান্স ও ক্রেডিট সার্ভিসেস উইং হতে ক্রেডিট হোলসেলিং প্রোগ্রামের আওতায় দেশের বিভিন্ন অঞ্চলের সম্ভাবনাময় এসএমই সেক্টর/ক্লাস্টার/ক্লায়েন্টেল গ্রুপকে ৯% সুদে জামানতবিহীন ঋণ প্রদান করা হয়। মূলত: নির্বাচিত ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে এই সকল ঋণ প্রদান করা হয়। উল্লেখ্য, ফাউন্ডেশন হতে সরাসরি কোন ঋণ প্রদান করা হয় না। এছাড়া এসএমই খাতে অর্থায়ন বৃদ্ধিকল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশের বিভিন্ন বিভাগ/জেলা শহরে নিয়মিতভাবে এসএমই ঋণ মেলা (ফিনান্সিং ফেয়ার), ব্যাংকার-উদ্যোক্তা সম্মেলন, সেমিনার, ঋণ সম্পর্কিত ম্যাচমেকিং, ব্যাংকারদের প্রশিক্ষণ ইত্যাদি কর্মসূচি আয়োজন করা হয়।

### দক্ষতা উন্নয়ন

এসএমই উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি এবং নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা ফাউন্ডেশনের অন্যতম কার্যক্রম। এই কার্যক্রম বাস্তবায়নে প্রশিক্ষণ ইনস্টিটিউট অথবা এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের সাথে সংশ্লিষ্ট হয়ে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করে। ফাউন্ডেশন যেসব প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করে সেগুলো হলো-উদ্যোক্তা উন্নয়ন, এসএমই ক্লাস্টারভিত্তিক দক্ষতা উন্নয়ন, টেকনোলজি বেইজড এবং আইসিটি বেইজড প্রশিক্ষণ, প্রশিক্ষকদের প্রশিক্ষণ (ToT), উৎপাদনশীলতা ও পণ্যের মান উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ, বাজার ব্যবস্থাপনা ও অর্থ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রভৃতি। এছাড়া, এ কার্যক্রমের আওতায় এসএমই ট্রেডবডিজ/অ্যাসোসিয়েশনসমূহের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে।

### প্রযুক্তি উন্নয়ন ও ব্যবহার

এসএমইদের সক্ষমতা উন্নয়নে আধুনিক প্রযুক্তির ব্যবহার, প্রযুক্তি উন্নয়ন, আমদানিকৃত প্রযুক্তি গ্রহণ, রিভার্স ইঞ্জিনিয়ারিং এবং প্রোডাক্ট কমপ্লায়েন্স ও সার্টিফিকেশনের মাধ্যমে এই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন ধরনের কর্মকাণ্ড পরিচালনা করে। এছাড়া ফাউন্ডেশন এসএমইদের গ্রিন টেকনোলজি এবং এনার্জির দক্ষ ব্যবহারে নানামুখী কাজ করে।

### একসেস টু ইনফরমেশন

এসএমই ফাউন্ডেশন এর নিজস্ব ওয়েব পোর্টাল www.smef.gov.bd -এর মাধ্যমে এসএমই এবং এসএমই সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের ব্যবহারের উদ্দেশ্যে হালনাগাদ তথ্য ও উপাত্ত উপস্থাপন করে। এই সেক্টরের প্রসারের লক্ষ্যে স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ের এসএমই সংক্রান্ত বিভিন্ন তথ্য, উপাত্ত, টেকনোলজি ইত্যাদি বিষয়ক একটি তথ্যভাণ্ডার প্রতিষ্ঠার কাজ করছে এসএমই ফাউন্ডেশন।

### নারী-উদ্যোক্তা উন্নয়ন

উন্নয়নের মূল স্রোত-ধারায় নারী-উদ্যোক্তাদের অন্তর্ভুক্তি এবং নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা ফাউন্ডেশনের অন্যতম প্রধান কাজ। এ সংক্রান্ত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হলো: উইম্যান চেম্বার/ট্রেডবডিসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, নারী-উদ্যোক্তাদের অর্থায়নে ব্যাংকার উদ্বুদ্ধকরণ কর্মসূচি, নারী-উদ্যোক্তা বিষয়ক স্টাডি পরিচালনা, নারী-উদ্যোক্তা বান্ধব পরিবেশ তৈরিতে পলিসি অ্যাডভোকেসি, পণ্য বাজারজাতকরণে ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন প্রভৃতি।

### পাবলিক রিলেশন

এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, ব্যবসায়ী সংগঠন এবং সরকারের বিভিন্ন দপ্তরে অবহিত করতে প্রতি বছর ৪টি করে নিউজলেটার প্রকাশ, বিভিন্ন সময়ে ফাউন্ডেশেন সম্পর্কিত এবং বিভিন্ন উইং সম্পর্কিত তথ্য সম্বলিত ব্রোসিওর প্রকাশ, গণমাধ্যমকর্মীদের নিয়ে বিভিন্ন ক্লাস্টারের ব্যবসা কার্যক্রম, সমস্যা ও চ্যালেঞ্জসমূহ তুলে ধরতে কাজ করে পাবলিক রিলেশন অ্যান্ড পাবলিকেশন্স বিভাগ। এছাড়া গণমাধ্যমে এসএমই ফাউন্ডেশন এবং এসএমই খাতের কার্যক্রম তুলে ধরতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে এই বিভাগ।

### বিজনেস সাপোর্ট সার্ভিসেস

এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তা উন্নয়নে ব্যবসা সহায়ক বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে। যেমন: এসএমই পণ্যের প্রচার, প্রসার ও বাজার সম্প্রসারণ; ভোক্তা ও উদ্যোক্তাদের মাঝে পারস্পরিক সংযোগ স্থাপন; অ্যাডভাইজারি সার্ভিস সেন্টারের মাধ্যমে নতুন ব্যবসা সৃষ্টি ও পরিচালনার বিষয়ে দিক নির্দেশনা, বিভিন্ন ধরনের তথ্য ও উপাত্ত দিয়ে সহায়তা প্রদান; ব্যবসায়িক তথ্যাবলির সহায়িকা/ম্যানুয়াল প্রকাশ ও বিতরণ, জাতীয় ও আঞ্চলিক এসএমই পণ্য মেলা, জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার/প্রতিযোগিতা আয়োজন প্রভৃতি।

### পণ্যের মান উন্নয়ন এবং কোয়ালিটি সার্টিফিকেশনে সহায়তা

প্রতিযোগিতার প্রেক্ষাপটে পণ্যের মান পর্যায়ক্রমে বিশ্বমানে উন্নীতকরণ কোয়ালিটি সার্টিফিকেশন (যেমন- আইএসও-৯০০০, আইএসও-১৪০০০) উন্নত ও মানসমৃদ্ধ ডিজাইন এবং উন্নত প্যাকেজিং ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা।

# সাধারণ পর্ষদ
(জ্যেষ্ঠতাভিত্তিতে নয়)

## আর্টিক্যালস্ 7(a): সরকারি প্রতিনিধি



**ড. মোঃ নজরুল আনোয়ার**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন



**জনাব অভিজিৎ চৌধুরী**
নির্বাহী সদস্য (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ



**জনাব মোঃ জাফর উল্লাহ্**
অতরিক্ত সচিব
শিল্প মন্ত্রণালয়



**নুসরাত জাবীন বানু** এনডিসি
অতিরিক্ত সচিব (রপ্তানি)
বাণিজ্য মন্ত্রণালয়



**জনাব মাহবুবা পান্না**
অতিরিক্ত সচিব
অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়



**জনাব মোঃ মোশারফ হোসেন মোল্লা**
অতিরিক্ত সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



**জনাব শেখ শোয়েবুল আলম** এনডিসি
রেজিস্ট্রার (অতিরিক্ত সচিব)
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর



**অধ্যাপক ড. মোঃ আফতাব আলী শেখ**
চেয়ারম্যান
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ



**জনাব মোঃ আবদুর রহমান খান**
যুগ্মসচিব, বাজেট-৭
অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়



**জনাব মোঃ আখতারুজ্জামান**
যুগ্মসচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ



**জনাব মোঃ নূরুজ্জামান** এনডিসি
যুগ্মসচিব (বিসিক, এসএমই ও বিটাক)
শিল্প মন্ত্রণালয়



**গুলশান আরা**
পরিচালক
প্রধানমন্ত্রীর কার্যালয়



**জনাব শামিমা বেগম**
যুগ্মসচিব (প্রশাসন)
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



**জনাব জনেন্দ্র নাথ সরকার**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়



**জনাব শীষ হায়দার চৌধুরী**, এনডিসি
সদস্য (আ. স)
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন



**জনাব মাহবুবুর রহমান**
মহাপরিচালক (যুগ্মসচিব)
রপ্তানি উন্নয়ন ব্যুরো



**জনাব মোঃ জাকের হোসেন**
মহাব্যবস্থাপক
এসএসই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক



**জনাব কাজী তৌহিদা আখতার**
প্রথম সচিব (মূসক বাস্তবায়ন)
জাতীয় রাজস্ব বোর্ড

**প্রতিনিধি**
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

**প্রতিনিধি**
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

## আর্টিক্যালস্ 7(c): এসএমই উদ্যোক্তা ক্যাটাগরি (পুরুষ ও নারী উদ্যোক্তা)



**জনাব মির্জা নুরুল গণী শোভন**
স্বত্বাধিকারী
এমএনজি মেটাল ইন্ডাস্ট্রিজ



**মিসেস হাসিনা নেওয়াজ**
প্রধান নির্বাহী কর্মকর্তা
অর্কিড প্রিন্টার্স



**মিজ মানতাশা আহমেদ**
ব্যবস্থাপনা পরিচালক
রিলা'স ফ্যাশন বুটিক



**মিজ ইসমাত জেরিন খান**
ব্যবস্থাপনা পরিচালক
জারমার্টজ লি.



**জনাব মোঃ রাশেদুল করীম মুন্না**
ব্যবস্থাপনা পরিচালক
ক্রিয়েশন প্রাইভেট লি.



**জনাব আবুল কালাম ভূঁইয়া**
ব্যবস্থাপনা পরিচালক
যমুনা মিটার ইন্ডাস্ট্রি লি.



**জনাব এনায়েত হোসেন চৌধুরী**
স্বত্বাধিকারী
গোরিয়া ইলেকট্রিক্যাল ইন্ডাস্ট্রি



**জনাব শাহেদুল ইসলাম হেলাল**
বেঙ্গল ব্রেইডেড রাগস্ লি.



**জনাব মুনিরুল হক খান**
পরিচালক
লুবনান ট্রেড কনর্সোটিয়াম লি.



**জনাব মোহাম্মদ ইমরান ওমর**
স্বত্বাধিকারী
এম কে ম্যাট ইন্ডাস্ট্রি



**জনাব শামস মাহমুদ**
ব্যবস্থাপনা পরিচালক
শাশা ডেনিম লি.



মিজ ফাতেমা জোহরা আক্তার
স্বত্বাধিকারী
পান্থশিলা



**মিজ রেজবিন বেগম**
স্বত্বাধিকারী
পিপলস ফুটওয়ার এন্ড লেদার গুডস



**লালসানি লুসাই**
প্রেসিডেন্ট
বান্দরবন উইমেন চেম্বার



**তাহমিনা আহমেদ**
স্বত্বাধিকারী
বাণী'স ক্রিয়েশন

## আর্টিক্যালস্ 7(d): ইন্ডাস্ট্রিজ/ট্রেডবডিজ ক্যাটাগরি



**মিসেস সেলিমা আহমাদ** এমপি
প্রেসিডেন্ট
বাংলাদেশ উইম্যান চেম্বার অব
কমার্স এন্ড ইন্ডাস্ট্রি



**মিসেস মনোয়ারা হাকিম আলী**
সভাপতি
চট্টগ্রাম উইম্যান চেম্বার অব
কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ



**জনাব রাসেল টি আহমেদ**
সভাপতি
বাংলাদেশ এসোসিয়েশন অব
সফ্‌টওয়ার এন্ড ইনফরমেশন সার্ভিসেস



**জনাব মোঃ আবদুর রাজ্জাক**
সভাপতি
বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প
মালিক সমিতি



**জনাব জিন্নাত রেহানা**
যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও
প্রশাসক, বাংলাদেশ এগ্রো-প্রসেসর্স
এসোসিয়েশন



**জনাব মোঃ আবদুর রহিম খান**
যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও
প্রশাসক, বাংলাক্রাফ্‌ট



**জনাব শামীম আহমেদ**
সভাপতি
বিপিজিএমইএ



**জনাব সোহেল আহমেদ**
সভাপতি
বাংলাদেশ চামড়া ও রেকসিন জাতীয়
পাদুকা প্রস্তুতকরক সমিতি



**জনাব রিজওয়ান রাহমান**
সভাপতি
ঢাকা চেম্বার অব কমার্স
এন্ড ইন্ডাস্ট্রি



**জনাব আমীন হেলালী**
উপদেষ্টা
বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি



**মিসেস নাদিয়া বিনতে আমিন**
প্রেসিডেন্ট
উইমেন এন্টারপ্রিনিয়ার্স নেটওয়ার্ক ফর
ডেভেলপমেন্ট এসোসিয়েশন



**স্বর্ণলতা রায়**
সভাপতি
সিলেট উইমেন চেম্বার অব
কমার্স এন্ড ইন্ডাস্ট্রি



**নাজমুন নাহার রিনা**
পরিচালক
বরিশাল উইমেন চেম্বার অব
কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

## আর্টিক্যালস্ 7(d): টেকনিক্যাল/সাধারণ বিশ্ববিদ্যালয় ক্যাটাগরি

**ড. নিখিল রঞ্জন ধর**
অধ্যাপক
আইপিই বিভাগ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়



**ড. মোঃ আকরাম হোসেন**
অধ্যাপক
এমআইএস বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়



**ড. সুবোদ দেব নাথ**
সহযোগী অধ্যাপক
ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়



**ড. মোঃ মেসবাহ উদ্দীন**
সহযোগী অধ্যাপক
ব্যবস্থাপনা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

## আর্টিক্যালস্ 7(d): সিভিল সোসাইটি অর্গানাইজেশন ক্যাটাগরি




**জনাব মোঃ আবদুল মতিন** এনডিসি
সাবেক অতিরিক্ত সচিব



**জনাব সাইফুল আলম**
সম্পাদক
দৈনিক যুগান্তর




**ড. মোঃ কামাল উদ্দিন**
অধ্যাপক
ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়



**জনাব হাইয়ুল কাইয়ুম**
অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত)

## আর্টিক্যালস্ 7(d): প্রাইভেট সেক্টর প্রফেশনাল ক্যাটাগরি



**জনাব সেলিম রেজা ফরহাদ হোসেন**
ব্যবস্থাপনা পরিচালক
ব্র্যাক ব্যাংক লি.



**জনাব মোয়াজ্জেম হোসেন**
অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত)



**ড. নাজনীন আহমেদ**
কান্ট্রি ইকোনোমিস্ট
ইউএনডিপি বাংলাদেশ



**জনাব প্রবীর কুমার সাহা**
ব্যবস্থাপনা পরিচালক
ড্রিম হলিডে পার্ক


# পরিচালক পর্ষদ
(জ্যেষ্ঠতাভিত্তিতে নয়)



**অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান**
চেয়ারপার্সন
এসএমই ফাউন্ডেশন



**মুহঃ মাহবুবর রহমান**
চেয়ারম্যান
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন



**কাজী সাখাওয়াত হোসেন**
অতিরিক্ত সচিব
শিল্প মন্ত্রণালয়



**ড. মো. খায়রুজ্জামান মজুমদার**
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



**আনোয়ার হোসেন চৌধুরী**
মহাপরিচালক
বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল টেকনিক্যাল এসিসটেন্স সেন্টার (বিটাক)



**এ. কে. এম সাজেদুর রহমান খান**
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক



**মনোয়ারা হাকিম আলী**
প্রেসিডেন্ট
চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ



**এনায়েত হোসেন চৌধুরী**
স্বত্বাধিকারী
গ্লোরিয়া ইলেক্ট্রিক ইন্ডাস্ট্রিজ



**আব্দুর রাজ্জাক**
প্রেসিডেন্ট
বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি



**হাসিনা নেওয়াজ**
প্রধান নির্বাহী কর্মকর্তা
অর্কিড প্রিন্টার্স



**শাহেদুল ইসলাম হেলাল**
স্বত্বাধিকারী
বেঙ্গল ব্রেইডেড রাগস্ লি.



**ড. মোঃ কামাল উদ্দিন**
অধ্যাপক
ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়



**মির্জা নুরুল গণী শোভন**
স্বত্বাধিকারী
এমএনজি মেটাল ইন্ডাস্ট্রিজ



**মানতাশা আহমেদ**
ব্যবস্থাপনা পরিচালক
রিলা'স ফ্যাশন বুটিক

**ড. নিখিল রঞ্জন ধর**
অধ্যাপক
আইপিই বিভাগ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়



**ড. মো. মফিজুর রহমান**
ব্যবস্থাপনা পরিচালক
এসএমই ফাউন্ডেশন

# ১৬ তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

স্মারক: ৩৬.১২.০০০০.০০৩.০৬.০০৭.২০.২৬৫

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৭ / ২০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন** এর **১৬তম** বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে **ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)** এর **১৬তম** বার্ষিক সাধারণ সভা **১২ মার্চ ২০২২ শনিবার** সকাল **১১:৩০** টায় বাংলাদেশ পর্যটন করপোরেশন ভবন শৈলপ্রপাত মিলনায়তনে (৩য় তলা, পর্যটন ভবন, ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭) অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১) গত ২৭ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত ১৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিতকরণ;
২) ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ;
৩) ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন অনুমোদন;
৪) ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক (অডিটর) নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ;
৫) ফাউন্ডেশনের ২০২২-২৩ অর্থবছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন;
৬) সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়।

০২। এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সম্মানিত সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য সবিশেষ অনুরোধ জানানো যাচ্ছে।

০৩। পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।

(ড. মোঃ মফিজুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
মোবাইল: ০১৫৩৭৫৩৬৭৪০
ই-মেইল: md@smcf.gov.bd

বিতরণ:
এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ ও পরিচালক পর্ষদের সম্মানিত সদস্য (সকল)।

# ১৬ তম বার্ষিক সাধারণ সভার কার্যপত্র

**আলোচ্যসূচি-০১: ফাউন্ডেশনের ১৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিতকরণ।**

এসএমই ফাউন্ডেশনের ১৫তম বার্ষিক সাধারণ সভা ২৭ মার্চ ২০২১ তারিখ শনিবার বাংলাদেশ পর্যটন করপোরেশন ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সদস্যগণ উপস্থিত ছিলেন। সভার কার্যবিবরণী অত্র কার্যপত্রের সাথে সংযুক্ত করা হয়েছে (সংলাগ-০১)। কার্যবিবরণীতে ১৫তম বার্ষিক সাধারণ সভার আলোচনা, মতামত ও সুপারিশসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হলে তা সাধারণ পর্ষদ কর্তৃক গ্রহণ ও নিশ্চিত করা যেতে পারে।

**প্রস্তাব:** ফাউন্ডেশনের ১৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিত করা যেতে পারে।

**আলোচ্যসূচি-০২: ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের কার্যক্রমভিত্তিক প্রস্তুতকৃত পরিচালক পর্ষদের প্রতিবেদন গ্রহণ ও নিশ্চিতকরণ।**

০২। এসএমই ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রমভিত্তিক পরিচালক পর্ষদের একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে (সংলাগ-০২)। প্রতিবেদনটিতে ০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ সময়ে ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমসমূহ সংক্ষিপ্তভাবে উপস্থাপন করা হয়েছে। প্রতিবেদনটির ওপর সাধারণ পর্ষদ সুচিন্তিত মতামত ও মূল্যবান পরামর্শ প্রদান করতে পারে। এছাড়া, ফাউন্ডেশন কর্তৃক আগামী অর্থবছরে এবং ভবিষ্যতে যে সকল কর্মসূচি গ্রহণ করা যেতে পারে সে সকল কর্মসূচি সম্পর্কে সাধারণ পর্ষদ সদস্যবৃন্দ তাঁদের মূল্যবান মতামত, দিকনির্দেশনা ও সুপারিশ প্রদান করতে পারেন।

**প্রস্তাব:** এসএমই ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রমভিত্তিক প্রস্তুতকৃত পরিচালক পর্ষদের প্রতিবেদনটি সাধারণ পর্ষদ গ্রহণ করতে পারে।

**আলোচ্যসূচি-০৩: ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন অনুমোদন।**

০৩। এসএমই ফাউন্ডেশনের সর্বশেষ ১৫তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ভ্যাট ও ট্যাক্সসহ সাকুল্যে ৯০,০০০/- টাকায় ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ প্রদান করা হয়। সে অনুযায়ী মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করে (সংলাগ-০৩)। এবিষয়ে গঠিত ওয়ার্কিং কমিটি গত ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত ১১তম সভায় নিরীক্ষিত হিসাব বিবরণী ও প্রতিবেদনটি পর্যালোচনা করেছে এবং প্রতিবেদনটি কমিটির নিকট গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তা পরিচালক পর্ষদ সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়। ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ০৭ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত ১২৬তম সভায় বিস্তারিত পর্যালোচনা শেষে প্রতিবেদনটি গ্রহণপূর্বক বর্তমান ১৬তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করার বিষয়ে একমত হয়। নিরীক্ষিত হিসাব বিবরণী ও আর্থিক প্রতিবেদন ১৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে প্রকাশিত ২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। এমতাবস্থায়, ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদনের জন্য বর্তমান ১৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো। সাধারণ পর্ষদের সদস্যবৃন্দের বিবেচনায় নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন বিষয়ে সাধারণ পরিষদের সদস্যবৃন্দ মূল্যবান মতামত ও সুপারিশ প্রদান করতে পারেন।

**প্রস্তাব:** ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সাধারণ পর্ষদ অনুমোদন করতে পারে।

**আলোচ্যসূচি-০৪: ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ।**

০৪। ফাউন্ডেশনের সর্বশেষ ১৫তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ট্যাক্স ও ভ্যাটসহ সাকুল্যে ৯০,০০০/- টাকা পারিশ্রমিকের বিনিময়ে ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ করা হয়। সে অনুযায়ী প্রতিষ্ঠানটি ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করে যা পরিচালনা পর্ষদ কর্তৃক গ্রহণপূর্বক বর্তমান বার্ষিক সাধারণ সভায় সাধারণ পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের হিসাব নিরীক্ষার বিষয়ে একই প্রতিষ্ঠান অর্থাৎ মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং এর মতামত/সম্মতি কামনা করা হলে প্রতিষ্ঠানটি ট্যাক্স ও ভ্যাটসহ সাকুল্যে

১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা পারিশ্রমিক উল্লেখ করে আর্থিক প্রস্তাবনা উপস্থাপন করে। তবে ১২৬তম পর্ষদ সভায় পূর্বের ন্যায় ট্যাক্স ভ্যাটসহ পারিশ্রমিক ৯০ হাজার টাকা নির্ধারণের সুপারিশ করা হয় এবং এস কে বড়ুয়া অ্যান্ড কোং উক্ত প্রস্তাবে সম্মত হয়। উল্লেখ্য, ফাউন্ডেশনের অডিটর হিসেবে কাজের অভিজ্ঞতা প্রতিষ্ঠানটির রয়েছে। এ প্রেক্ষিতে সাধারণ পর্ষদ মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং কে ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক প্রতিষ্ঠান হিসেবে নিয়োগের জন্য অনুমোদন প্রদানের বিষয়ে বিবেচনা করতে পারে।

**প্রস্তাব:** মেসার্স এস কে বড়ুয়া অ্যান্ড কোং কে ভ্যাট ও ট্যাক্সসহ সাকুল্যে ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা পারিশ্রমিকে ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগের প্রস্তাব সাধারণ পর্ষদ সদয় অনুমোদন করতে পারে।

**আলোচ্যসূচি-০৫: ফাউন্ডেশনের ২০২২-২৩ অর্থবছরের বাজেট অনুমোদন।**

০৫। এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট ইতোপূর্বে পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। পরিচালক পর্ষদের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গত ২০১৫-১৬ অর্থবছর থেকে ফাউন্ডেশনের বাজেট সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত হচ্ছে। সে অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের জন্য সর্বমোট ২২২,৭৩,৮৫,৬৫৬ (দুইশত বাইশ কোটি তিয়াত্তর লক্ষ পঁচাশি হাজার ছয়শত ছাপ্পান্ন) টাকার বাজেট প্রস্তাব করা হয়েছে (সংলাগ-০৪)। সাধারণ পর্ষদ কর্তৃক বাজেট অনুমোদন করা হলে আগামী অর্থবছরে সে অনুযায়ী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। উপস্থাপিত বাজেট পরিচালক পর্ষদের ০৭ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত সর্বশেষ ১২৬তম সভায় যাচাই ও পর্যালোচনা করে সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে।

**প্রস্তাব:** ফাউন্ডেশনের ২০২২-২৩ অর্থবছরের বাজেট অনুমোদন করা যেতে পারে।

**আলোচ্যসূচি-০৬: সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়।**

# ১৫তম বার্ষিক সাধারণ সভার অনুমোদিত কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার তারিখ | : ২৭ মার্চ ২০২১, শনিবার |
| সময় | : সকাল ১১:৩০ ঘটিকা |
| স্থান | : এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন, ই/৫, সি-১ পশ্চিম আগারগাঁও, ঢাকা। |
| সভাপতি | : অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান, চেয়ারপার্সন, এসএমই ফাউন্ডেশন |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে সুবর্ণজয়ন্তী পালনকালে তিনি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন জাতির পিতার পরিবারের শহীদ সদস্যবৃন্দ, জাতীয় চার নেতা এবং মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী সকল বীর মুক্তিযোদ্ধাদের। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুমোদনের জন্য অনুরোধ জানান। এমএনজি মেটাল ইন্ডাস্ট্রিজ এর স্বত্বাধিকারী জনাব মির্জা নুরুল গণী শোভন আলোচ্যসূচি অনুমোদনের প্রস্তাব করলে বেঙ্গল ব্রেইডেড রাগস্ লি. এর স্বত্বাধিকারী জনাব শাহেদুল ইসলাম হেলাল তা সমর্থন করেন। উল্লেখ্য, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ মফিজুর রহমান করোনাজনিত অসুস্থতার কারণে সভায় যোগদান করতে পারেননি। তাঁর অনুপস্থিতিতে সভাপতির অনুমতিক্রমে সভায় যাবতীয় উপস্থাপনা করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মোঃ নাজিম হাসান সাত্তার।

০২। এসএমই ফাউন্ডেশনের ২৭ মার্চ ২০২১, শনিবার অনুষ্ঠিত ১৫তম বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১) ২৭ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত ১৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিতকরণ;
২) ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ;
৩) ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন অনুমোদন;
৪) ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক (অডিটর) নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ;
৫) ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন;
৬) ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনের অনুচ্ছেদ 41(V) অনুযায়ী সাধারণ পর্ষদ হতে তিনজন বেসরকারি প্রতিনিধিকে পরিচালক পর্ষদে অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ এবং
৭) সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়।

**আলোচ্যসূচি-১: ফাউন্ডেশনের ১৪ তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিতকরণ।**

০৩। সভাপতি জানান যে ১৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সকল সদস্যের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য কার্যবিবরণীর কপি 'বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০' এর সাথেও সংযুক্ত করা আছে। তিনি গত ২৭ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত ১৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়ে থাকলে তা গ্রহণ ও নিশ্চিতকরণের অনুরোধ জানালে সদস্যগণ কার্যবিবরণীটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন। ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সম্মানিত সদস্য এমএনজি মেটাল ইন্ডাস্ট্রিজ এর স্বত্বাধিকারী জনাব মির্জা নুরুল গণী শোভন কার্যবিবরণীটি গ্রহণ ও নিশ্চিতকরণের প্রস্তাব করলে সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য সানফ্লাওয়ার মেলামাইন ইন্ডাস্ট্রিজ লি. এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শামীম আহমেদ প্রস্তাবটি সমর্থন করেন।

**সিদ্ধান্ত:**

**১৫.০১.০১** ২৭ জুন ২০২০ অনুষ্ঠিত এসএমই ফাউন্ডেশনের ১৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গ্রহণ ও নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-২: ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ।**

০৪। সভাপতির অনুমতিক্রমে এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব মো. নাজিম হাসান সাত্তার ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রস্তুতকৃত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি তাঁর উপস্থাপনায় বিজনেস সাপোর্ট সার্ভিসেস, মানব সম্পদ উন্নয়ন, ফাইন্যান্স ও ক্রেডিট সার্ভিসেস, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পাবলিক রিলেশানস্, ক্লাস্টার উন্নয়ন, প্রযুক্তি উন্নয়ন, নারী উদ্যোক্তা উন্নয়ন, গবেষণা, পলিসি অ্যাডভোকেসি প্রভৃতি অনুবিভাগের ২০১৯-২০ অর্থবছরের বিভিন্ন কার্যক্রমের একটি সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি ফাউন্ডেশনের যাবতীয় কার্যক্রমে সহযোগিতার জন্য ফাউন্ডেশনের চেয়ারপার্সন, পরিচালক পর্ষদ, সাধারণ পর্ষদ ও বিভিন্ন ওয়ার্কিং কমিটির সদস্যদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে কোভিড-১৯ প্রেক্ষাপটে অর্থনৈতিক

ক্ষতি পুররুদ্ধারে সরকার দ্বিতীয় পর্যায়ে ১৫০০ কোটি টাকা প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে। তন্মধ্যে এসএমই উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণের জন্য এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ৩০০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে যার মধ্যে ১০০ কোটি টাকা চলতি অর্থবছরে এবং অবশিষ্ট ২০০ কোটি টাকা আগামী অর্থবছরে বিতরণ করা হবে। এলক্ষ্যে নীতিমালা চূড়ান্ত করে ১০০ কোটি টাকা বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এসএমই ফাউন্ডেশনের ৩০০ কোটি টাকা বরাদ্দ দেয়ায় এসএমই ফাউন্ডেশনের পক্ষে তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপনের জন্য সভাপতি ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব নাজিম হাসান সাত্তার-কে ধন্যবাদ জানান। সভাপতি এ পর্যায়ে উপস্থাপিত প্রতিবেদনের ওপর আলোচনার জন্য সাধারণ পর্ষদ সদস্যের আমন্ত্রণ জানান।

মিজ হুসনে আরা শিখা, মহাব্যবস্থাপক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক ফাউন্ডেশন কর্তৃক এসএমই উদ্যোক্তাদের জন্য একটি ই-ডেটাবেজ তৈরি করার বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান।

মিজ মানতাশা আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, রিলা'স ফ্যাশন বুটিক সরকার কর্তৃক প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ৩০০ কোটি টাকা বরাদ্দের জন্য অভিনন্দন জানান। একইসাথে তিনি ঋণ বিতরণের ক্ষেত্রে ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ফান্ড ম্যানেজমেন্টের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং স্টাডি ট্যুরের ব্যবস্থা করা প্রয়োজন মর্মে মত প্রকাশ করেন।

মিজ রেজবিন বেগম, স্বত্বাধিকারী, পিপলস ফুটওয়ার এন্ড লেদার গুডস্ চামড়া শিল্পের একজন উদ্যোক্তা হিসেবে বলেন, এসএমই ফাউন্ডেশন গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলে নতুন উদ্যোক্তা তৈরির লক্ষ্যে চামড়াজাত পণ্য তৈরির বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে পারে।

মিজ স্বর্ণলতা রায়, সভাপতি, সিলেট উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এসএমই ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত বিভিন্ন অনলাইন প্রশিক্ষণ কর্মসূচি সফল করার লক্ষ্যে প্রশিক্ষণ শেষে মনিটরিং ব্যবস্থা জোরদার করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। এছাড়া তিনি প্রতিটি প্রশিক্ষণের সাথে অনলাইনে উদ্যোক্তাদের পণ্য বিক্রয়ের লক্ষ্যে আইটি ব্যবহারের বিষয়ে একটি সেশন অন্তর্ভুক্ত করা প্রয়োজন মর্মে মত দেন। অঞ্চলভিত্তিক পণ্য উন্নয়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন কর্তৃক অঞ্চলভিত্তিক আরও প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের বিষয়ে তিনি পরামর্শ প্রদান করেন। তিনি সরকার কর্তৃক বরাদ্দকৃত ৩০০ কোটি টাকা বিতরণের ক্ষেত্রে বিভিন্ন চেম্বার, উইমেন চেম্বার এবং অ্যাসোসিয়েশনের উদ্যোক্তাদের অন্তর্ভুক্ত করার বিষয়েও পরামর্শ প্রদান করেন।

ড. নাজনীন আহমেদ, সিনিয়র রিসার্চ ফেলো, বিআইডিএস এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ, বাজারজাতকরণে সহায়তা প্রদানসহ বিভিন্ন কার্যক্রমের সাথে নতুন উদ্যোক্তা তৈরির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম বৃদ্ধি করা প্রয়োজন মর্মে মত প্রকাশ করেন। তিনি উদ্যোক্তা উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রম প্রচারের লক্ষ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে সংযোগ স্থাপন করা যেতে পারে। ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দকৃত প্রণোদনা প্যাকেজ অপেক্ষাকৃত অধিকতর ক্ষতিগ্রস্থ এসএমই উদ্যোক্তাদের মধ্যে বিতরণের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়ার পরামর্শ প্রদান করেন।

জনাব শামীম আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, সানফ্লাওয়ার মেলামাইন ইন্ডাস্ট্রিজ লি. এসএমই উদ্যোক্তাদের জন্য ঋণ পরিশোধের মেয়াদ বৃদ্ধি এবং লোন পরিশোধের ছোট ছোট কিস্তি করার জন্য পরামর্শ প্রদান করেন। এসএমই উদ্যোক্তাদের জন্য ফাউন্ডেশন কর্তৃক একটি ওয়েববেইজড মার্কেটিং প্লাটফর্ম তৈরির বিষয়ে গুরুত্বারোপ করেন।

জনাব মির্জা নুরুল গণী শোভন, স্বত্বাধিকারী, এমএনজি মেটাল ইন্ডাস্ট্রিজ করোনা পরিস্থিতি মোকাবিলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক এমএসএমই উদ্যোক্তাদের জন্য প্রণোদনা প্যাকেজ ঘোষণার জন্য এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সদস্যদের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। দ্বিতীয় দফায় ঘোষিত প্রণোদনা প্যাকেজের মধ্যে ফাউন্ডেশনের অনুকূলে ৩০০ কোটি টাকা যথাযথভাবে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের মাঝে বিতরণ করা হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের প্রশংসা করেন। তিনি ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের জন্য ফাউন্ডেশন কর্তৃক নীড বেইজড প্রশিক্ষণ আয়োজনের পরামর্শ প্রদান করেন। এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন ট্রেড বডিজ এর সাথে সংযোগ স্থাপনের বিষয়ে তিনি গুরুত্বরোপ করেন।

জনাব মোঃ আব্দুস সাত্তার, রেজিস্ট্রার (অতিরিক্ত সচিব), পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয় ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের পণ্যের পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কের বিষয়ে গুরুত্বারোপ করেন। এসএমই উদ্যোক্তাদের পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক অফিসের বিভিন্ন সার্ভিস গ্রহণের ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন সমন্বয়কের ভূমিকা পালন করতে পারে মর্মে তিনি মত প্রকাশ করেন।

জনাব আলমাস কবির, সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফ্টওয়ার এন্ড ইনফরমেশন সার্ভিসেস চলমান করোনা পরিস্থিতিতেও এসএমই ফাউন্ডেশন কর্তৃক অনলাইনে প্রশিক্ষণ কর্মসূচিসহ অন্যান্য কর্মসূচি চলমান রাখায় সাধুবাদ জানান। তিনি ৪র্থ শিল্প বিপ্লবের

বিষয়টি বিবেচনায় এনে ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিতে এ সংক্রান্ত বিভিন্ন স্কিল অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করেন। তিনি ফাউন্ডেশন কর্তৃক বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের প্রণোদনা প্যাকেজের ঋণ বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেড বডিজ/ অ্যাসোসিয়েশন কর্তৃক সুপারিশ বিবেচনা করা যেতে পারে মর্মে মত প্রকাশ করেন।

জনাব আমীন হেলালী, উপদেষ্টা, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি এসএমই উদ্যোক্তাদের পণ্য বাজারে টিকে থাকতে সহায়তা প্রদানের লক্ষ্যে তাদের তৈরি বিভিন্ন পণ্য যাতে বৃহৎ শিল্প প্রতিষ্ঠান উৎপাদন না করে- এ বিষয়টি নীতিমালায় অন্তর্ভুক্ত করা প্রয়োজন মর্মে মত প্রকাশ করেন।

জনাব মোঃ ইকবাল হোসেন, যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নারী উদ্যোক্তাদের জন্য এসএমই ফাউন্ডেশন কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচির প্রশংসা করেন। তিনি নারী উদ্যোক্তা উন্নয়নে জয়িতা ফাউন্ডেশনের সাথে এসএমই ফাউন্ডেশন যৌথভাবে কাজ করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি জয়িতা ফাউন্ডেশন কে এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান।

মিসেস নাদিয়া বিনতে আমিন, প্রেসিডেন্ট, উইমেন এন্টারপ্রিনিয়ার্স নেটওয়ার্ক ফর ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন এসএমই ফাউন্ডেশন কর্তৃক তৃনমূল পর্যায়ের নারী উদ্যোক্তাদের বিভিন্ন সহায়তা প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি নারী উদ্যোক্তাদের অবস্থা বিবেচনায় এনে এসএমই এর সংজ্ঞা পুনর্নির্ধারনের জন্য পরামর্শ প্রদান করেন। প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়ার বিষয়ে তিনি জোর দাবি জানান।

জনাব সাইফুল আলম, সম্পাদক, দৈনিক যুগান্তর এসএমই উদ্যোক্তাদের জন্য একটি ডাটাবেজ তৈরির বিষয়ে গুরুত্বারোপ করেন। ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের জন্য আলাদা শিল্প পার্ক স্থাপন করা যেতে পারে মর্মে তিনি মত দেন। এছাড়া তিনি বিদ্যমান বিভিন্ন শিল্প পার্কে অলাভজনক এবং মৃতপ্রায় শিল্প প্রতিষ্ঠান বন্ধ করে সৃজনশীল ও লাভজনক শিল্প স্থাপনে মনোযোগ দেয়া প্রয়োজন মর্মে মত দেন। ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্যাটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি এসএমই ফাউন্ডেশনের ঋণ বিতরণ কর্মসূচিতে করোনায় ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ঋণ বিতরণ নিশ্চিত করার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

এ পর্যায়ে, সভাপতি পরিচালক পর্ষদের প্রতিবেদনের ওপর যাঁরা আলোচনায় অংশ নিয়েছেন তাঁদের ধন্যবাদ জানিয়ে পরিচালক পর্ষদের প্রতিবেদনটি অনুমোদনের জন্য প্রস্তাব আহবান করলে জনাব আলমাস কবির, সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস প্রতিবেদনটি অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব সাইফুল আলম, সম্পাদক, দৈনিক যুগান্তর তা সমর্থন করেন।

**সিদ্ধান্ত:**

১৫.০২.০১ এসএমই ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রস্তুতকৃত পরিচালক পর্ষদের প্রতিবেদনটি গ্রহণ ও নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-৩: ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন অনুমোদন ।**

০৫। সভার সভাপতি জানান যে ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সকল সদস্যের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য প্রতিবেদনটি 'বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০' এর সাথেও সংযুক্ত করা আছে। তিনি আরও উল্লেখ করেন যে ফাউন্ডেশনের হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত ওয়ার্কিং কমিটি প্রতিবেদনটি পর্যালোচনা করেছে এবং দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন যথাযথ থাকায় তা গ্রহণ করে ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সভায় অনুমোদনের জন্য উপস্থাপনের বিষয়ে সুপারিশ করেছে। পরিচালক পর্ষদের ১২০তম সভায়ও প্রতিবেদনটি গ্রহণ করার জন্য সুপারিশ করা হয়। সময় সংক্ষেপ করার লক্ষ্যে সভাপতি নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদনটি পঠিত বলে গণ্য করা এবং কোন মতামত থাকলে তা ব্যক্ত করার আহবান জানান।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ ইকবাল হোসেন এসএমই ফাউন্ডেশনের বিদ্যমান ২০০ কোটি টাকার এনডাউমেন্ট ফান্ড বৃদ্ধির লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় হতে উদ্যোগ গ্রহণের বিষয়ে পরামর্শ প্রদান করেন। এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম বৃদ্ধির সাথে সাথে জনবল বাড়ানো প্রয়োজন মর্মে মত প্রদান করেন।

বেঙ্গল ব্রেইডেড রাগস্ লি. এর স্বত্বাধিকারী জনাব শাহেদুল ইসলাম হেলাল ফাউন্ডেশনের এনডাউমেন্ট ফান্ড বাণিজ্যিকভাবে লাভজনক খাতে বিনিয়োগ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত ফাউন্ডেশনের ইনকাম ট্যাক্স বাবদ ৮৬ কোটি টাকার সম্ভাব্য দায় বিষয়ে ব্যবস্থা গ্রহণ জরুরী মর্মে তিনি মত দেন।

রিলা'স ফ্যাশন বুটিক এর ব্যবস্থাপনা পরিচালক মিজ মানতাশা আহমেদ জানান ফাউন্ডেশনের অনুকূলে ৩০০ কোটি টাকা প্রণোদনা প্যাকেজ ঘোষণার পূর্বে ২০১৮-১৯ সালে সরকার কর্তৃক ফাউন্ডেশন বরাবর ১০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। অবশিষ্ট ২৩ কোটি টাকা প্রাপ্তির ক্ষেত্রে আগামী জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য প্রচেষ্টা গ্রহণ করা জরুরী মর্মে তিনি মত দেন।

এ পর্যায়ে, সভাপতি ২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদনটি অনুমোদনের জন্য প্রস্তাব আহবান করলে সানফ্লাওয়ার মেলামাইন ইন্ডাস্ট্রিজ লি. এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শামীম আহমেদ প্রতিবেদনটি অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব মুনিরুল হক খান, পরিচালক, লুবনান ট্রেড কনর্সোটিয়াম লি. তা সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

১৫.০৩.০১ এসএমই ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সাধারণ পর্ষদ কর্তৃক গ্রহণ ও অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি-৪ঃ ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ ।**

০৬। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব নাজিম হাসান সাত্তার জানান, ফাউন্ডেশনের সর্বশেষ ১৪তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ট্যাক্স ও ভ্যাটসহ সাকুল্যে ৯০,০০০/- টাকা পারিশ্রমিকের বিনিময়ে ২০১৯-২০ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগ করা হয়। সে অনুযায়ী প্রতিষ্ঠানটি ২০১৯-২০ অর্থবছরের হিসাব নিরীক্ষাপূর্বক প্রতিবেদন দাখিল করে যা পরিচালনা পর্ষদ কর্তৃক গ্রহণপূর্বক বর্তমান বার্ষিক সাধারণ পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষার বিষয়ে একই প্রতিষ্ঠান অর্থাৎ মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং এর মতামত/সম্মতি কামনা করা হলে প্রতিষ্ঠানটি পূর্বের ন্যায় ট্যাক্স ও ভ্যাটসহ সাকুল্যে ৯০,০০০/- টাকা পারিশ্রমিকের বিনিময়ে নিরীক্ষায় সম্মত হয়।

এ পর্যায়ে, সভাপতি ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষার বিষয়ে মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং-কে ট্যাক্স ও ভ্যাটসহ সাকুল্যে ৯০,০০০/- টাকা পারিশ্রমিকে নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য প্রস্তাব আহবান করলে জনাব আমীন হেলালী, উপদেষ্টা, বাংলাদেশ মুদ্রন শিল্প সমিতি প্রস্তাবটি অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব গোলাম মোস্তফা, সদস্য, বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন তা সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

১৫.০৪.০১ মেসার্স এস, কে, বড়ুয়া এন্ড কোং নামক নিরীক্ষক প্রতিষ্ঠানকে ট্যাক্স ও ভ্যাটসহ সাকুল্যে ৯০,০০০/- টাকা পারিশ্রমিকে ২০২০-২১ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষক হিসেবে নিয়োগের বিষয়টি অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি-৫ঃ ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন**

০৭। সভাপতি জানান, এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মপরিকল্পনা ও বাজেট ইতোপূর্বে পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। পরিচালক পর্ষদের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গত ২০১৫-১৬ অর্থবছর থেকে ফাউন্ডেশনের বাজেট সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত হচ্ছে। সে অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রস্তুত হয়েছে। সাধারণ পর্ষদ কর্তৃক বাজেট অনুমোদন করা হলে আগামী অর্থবছরে সে অনুযায়ী কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। উপস্থাপিত বাজেট পরিচালক পর্ষদের ২১ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত সর্বশেষ ১২০তম সভায় যাচাই ও পর্যালোচনা করে সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। উল্লেখ্য, সুনির্দিষ্ট কর্মসূচি গ্রহণকালে বিভিন্ন ওয়ার্কিং কমিটির সাথে বৈঠকক্রমে তা চূড়ান্ত করা হবে।

সভাপতি ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের সার-সংক্ষেপ তুলে ধরে বলেন যে এসএমই ফাউন্ডেশনের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ১৬,১১,৬০,০০০/- (যোল কোটি এগার লক্ষ ষাট হাজার) টাকার কর্মসূচি বাজেটসহ মোট ২৫৫,১৮,১২,৪৪৬/- (দুইশত পঞ্চান্ন কোটি আঠারো লক্ষ বারো হাজার চারশত ছিচল্লিশ) টাকার বাজেট প্রাক্কলন করা হয়েছে। যার মধ্যে ক্রেডিট হোলসেলিং বাবদ রয়েছে ২২০,০০,০০,০০০ (দুইশত বিশ কোটি) টাকা। প্রাক্কলিত বাজেট পরবর্তীতে কর্মসূচিভিত্তিক বিভাজন করে বোর্ডে উপস্থাপন করা হবে। এক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন সাপেক্ষে আন্ত-উইং বাজেট সমন্বয় করা যেতে পারে।

এ পর্যায়ে সভাপতি উপস্থাপিত বাজেট অনুমোদনের জন্য প্রস্তাব আহবান করেন। ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য ও জনাব গোলাম মোস্তফা, সদস্য, বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন উপস্থাপিত বাজেট অনুমোদনের জন্য প্রস্তাব করেন। ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সম্মানিত সদস্য ও লুবনান ট্রেড কনর্সোটিয়াম লি. এর পরিচালক জনাব মুনিরুল হক খান বাজেট অনুমোদনের প্রস্তাব সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ**

১৫.০৫.০১ ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের জন্য উপস্থাপিত ২৫৫,১৮,১২,৪৪৬/- (দুইশত পঞ্চান্ন কোটি আঠারো লক্ষ বারো হাজার চারশত ছিচল্লিশ) টাকার বাজেট অনুমোদন করা হয়। কর্মসূচিভিত্তিক বাজেট বিভাজন করে বোর্ডে উপস্থাপন করা হবে। এক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন সাপেক্ষে আন্ত-উইং বাজেট সমন্বয় করা যাবে।

**আলোচ্যসূচি-৬:** **ফাউন্ডেশনের আর্টক্যালস অব অ্যাসোসিয়েশনের অনুচ্ছেদ ৪১(ঠ) অনুযায়ী সাধারণ পর্ষদ হতে তিনজন বেসরকারি প্রতিনিধিকে পরিচালক পর্ষদে অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সভাপতি জানান যে পরিচালক পর্ষদের বর্তমান সদস্য জনাব মোঃ রাশেদুল করীম মুন্না, ব্যবস্থাপনা পরিচালক, ক্রিয়েশন প্রাঃ লিঃ, মিজ ইসমাত জেরিন খান, ব্যবস্থাপনা পরিচালক, জারমার্টাজ লিঃ ও জনাব আবুল কালাম ভূইয়া, ব্যবস্থাপনা পরিচালক, যমুনা মিটার ইন্ডাস্ট্রিজ লিঃ বিগত ৩০ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের ১৩তম বার্ষিক সাধারণ সভায় সাধারণ পর্ষদের বেসরকারি প্রতিনিধি পরিচালক পর্ষদের সদস্য হিসেবে ২য় মেয়াদের জন্য নির্বাচিত হন। এ তিন জন সদস্যের মেয়াদ আগামী ২৪ জুন ২০২১ তারিখে উত্তীর্ণ হবে। এমতাবস্থায়, ২৫ জুন ২০২১ এর পূর্বে ফাউন্ডেশনের পরবর্তী বার্ষিক সাধারণ সভা আয়োজন করার কোন সম্ভাবনা না থাকায় বর্তমান বার্ষিক সাধারণ সভায় ফাউন্ডেশনের আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশনের আর্টিক্যাল -41(v) অনুযায়ী সাধারণ পর্ষদ হতে পুনরায় তিনজন প্রতিনিধি নির্বাচন করতে হবে। এপ্রেক্ষিতে সভাপতি সাধারণ পর্ষদের বেসরকারি প্রতিনিধি থেকে তিনজন প্রতিনিধিকে পরিচালক পর্ষদে নির্বাচনের জন্য উপস্থিত সদস্যবৃন্দকে আহবান জানান।

সানফ্লাওয়ার মেলামাইন ইন্ডাস্ট্রিজ লি. এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শামীম আহমেদ বলেন এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সকল সদস্যই পরিচালক পর্ষদের সদস্য হওয়ার যোগ্য। সুতরাং সে বিষয়টি বিবেচনায় এনে ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সদস্য নির্বাচনের ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন কর্তৃক সাধারণ পর্ষদ থেকে ৩ জন সদস্য নির্বাচনের প্রস্তাব রাখলে সভায় উপস্থিত সকলে উক্ত প্রস্তাবে একমত হবেন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

এ পর্যায়ে সভাপতি সাধারণ পর্ষদের সদস্য জনাব মির্জা নুরুল গণী শোভন, স্বত্বাধিকারী, এমএনজি মেটাল ইন্ডাস্ট্রিজ, মিজ মানতাশা আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, রিলা'স ফ্যাশন বুটিক এবং জনাব শাহেদুল ইসলাম হেলাল, বেঙ্গল ব্রেইডেড রাগস্ লি.-কে ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের পরিচালক হিসেবে নির্বাচনের জন্য প্রস্তাব উত্থাপন করলে মিজ স্বর্ণলতা রায়, সভাপতি, সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং ড. নাজনীন আহমেদ, সিনিয়র রিসার্চ ফেলো, বিআইডিএস তা সমর্থন করেন। উপস্থিত সদস্যবৃন্দ করতালির মাধ্যমে পুনর্নির্বাচিত সদস্যদের অভিনন্দন জানিয়ে তাঁদের প্রতি সমর্থন জানান।

**সিদ্ধান্ত:**

**১৫.০৬.০১** জনাব মির্জা নুরুল গণী শোভন, স্বত্বাধিকারী, এমএনজি মেটাল ইন্ডাস্ট্রিজ, মিজ মানতাশা আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, রিলা'স ফ্যাশন বুটিক এবং জনাব শাহেদুল ইসলাম হেলাল, বেঙ্গল ব্রেইডেড রাগস্ লি.-কে আগামী ০২ (দুই) বছরের জন্য ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সদস্য হিসেবে নির্বাচিত করা হয়।

এ পর্যায়ে সভাপতি এসএমই ফাউন্ডেশনকে সর্বক্ষেত্রে সহযোগিতা করার জন্য উপস্থিত সকল সরকারি ও বেসরকারী প্রতিনিধিদের প্রতি আহবান জানান। সভাপতি সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সদস্যবৃন্দকে ১৫তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে তাঁদের সুচিন্তিত মতামত, পরামর্শ ও দিকনির্দেশনা প্রদানের জন্য ধন্যবাদ জানান। সবশেষে, সভাপতি ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকসহ ফাউন্ডেশনের সকল কর্মকর্তা-কর্মচারীকে ১৫তম বার্ষিক সাধারণ সভা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে পুন:রায় ধন্যবাদ জানিয়ে ১৫তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখঃ ২৬-০৭-২০২০

(অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান)
সভাপতি

## চিত্রে ফাউন্ডেশনের ১৫তম বার্ষিক সাধারণ সভা






# পরিচালক পর্ষদের প্রতিবেদন

- ফাইন্যান্স অ্যান্ড ক্রেডিট সার্ভিসেস
- বিজনেস সাপোর্ট সার্ভিসেস
- মানবসম্পদ উন্নয়ন
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- পাবলিক রিলেশন
- ক্লাস্টার উন্নয়ন
- মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন
- প্রযুক্তি উন্নয়ন
- নারী-উদ্যোক্তা উন্নয়ন
- রিসার্চ অ্যান্ড পাবলিকেশন
- পলিসি অ্যাডভোকেসি
- ডেভেলপমেন্ট প্রজেক্টস